গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

## প্রকল্প পরিদর্শন প্রতিবেদন

**পরিদর্শনকারী কর্মকর্তার নামঃ মোহাম্মদ তারেক হাওলাদার, সহকারি পরিচালক** **তারিখঃ ০৯.০১.২০১৬**

স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগের অধীনে স্থানীয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "৪০ পৌরসভা ও গ্রোথসেন্টারে পানি সরবরাহ এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি অত্র বিভাগ কর্তৃক ০৯ জানুয়ারি, ২০১৬ তারিখে বরিশাল বিভাগের বরিশাল জেলাধীন মেহেন্দিগঞ্জ পৌরসভার চলমান কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্প পরিদর্শন পর্যবেক্ষণসমূহ নিম্নরূপঃ

১. **প্রকল্পের নাম** : "৪০ পৌরসভা ও গ্রোথসেন্টারে পানি সরবরাহ এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন (২য় পর্যায়) প্রকল্প"

২. **বাস্তবায়নকারী সংস্হা/বিভাগ** : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)।

৩. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্হানীয় সরকার বিভাগ।

৪. **প্রাক্কলিত ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

| | মোট | টাকা (জিওবি) | প্রকল্প সাহায্য |
|---|---|---|---|
| ৪.১ মূল অনুমোদিত | ১৮৪১৮.৭৪ | ১৮৪১৮.৭৪ | - |
| ৪.২ সর্বশেষ সংশোধিত অনুমোদিত | - | - | - |

৫. বাস্তবায়নকাল :

| | আরম্ভ | সমাপ্তি |
|---|---|---|
| ৫.১ মূল অনুমোদিত | ১ লা জানুয়ারী, ২০১৪ | ৩০ শে জুন, ২০১৭ |
| ৫.২ সর্বশেষ সংশোধিত অনুমোদিত | - | - |

৬.**অর্থায়ন/প্রকল্প সাহায্যের উৎসঃ** সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে।

৭. **প্রকল্প এলাকা** : মেহেন্দিগঞ্জ, বোরহানউদ্দিন, সরুপকাঠী, শাহারাস্তি, ছেংগারচর, দাউদকান্দি, চকোরিয়া, রামগঞ্জ, কবিরহাট, সাভার, ভাঙ্গা, কটিয়াদি, হোসেনপুর, পাকুন্দিয়া, মিরকাদিম, ত্রিশাল, পলাশ (ঘোড়াশাল), মনোহরদী, শিবপুর, নরিয়া, ডামুড্যা, জাজিরা, ভেদরগঞ্জ, নলিতাবাড়ী, নোয়াপাড়া, ঝিকরগাছা, কালিয়া, গুরুদাসপুর, সিংড়া, বেড়া, সাঁথিয়া, শাহাজাদপুর, রহনপুর, ফুলবাড়ী, সেতাবগঞ্জ, বিরামপুর, গাবতলী, সান্তাহার, মাধবপুর, কালিগঞ্জ (জকিগঞ্জ) পৌরসভা/গ্রোথ সেন্টার।

৮. **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য** :

৮.১ **প্রকল্পের পটভূমি** : নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন এবং উন্নত পরিবেশ নিশ্চিত করা সরকারের অন্যতম উদ্দেশ্য। জনগনের যে অংশ নিরাপদ পানি সরবরাহ হতে বঞ্চিত রয়েছে, তাদের জন্য Millennium Development Goal-এ পানি সরবরাহের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

দেশের বিদ্যমান আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষিতে গ্রামের ও মফস্বলের অপেক্ষাকৃত স্বচ্ছল জনগোষ্ঠি নাগরিক সুবিধাসহ জীবনযাপনের প্রত্যাশায় বড় শহরে চলে আসছে, ফলে সেখানকার পরিবেশে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে এবং পরিবেশ দূষণ ঘটছে। এরুপ পরিস্থিতিতে দেশের থানা ও গ্রোথ সেন্টার পর্যায়ে প্রতিষ্ঠিত পৌরসভাগুলিতে নাগরিক সুবিধাদি বৃদ্ধি করা হলে বড় বড় শহরগুলিতে জনসংখ্যার চাপ হ্রাস পাবে। নাগরিক সুবিধাদির অন্যতম উপাদান হচ্ছে চলমান পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থা প্রবর্তন। এই উদ্দেশ্যকে সামনে রেখে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ <u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u> প্রকল্পের উদ্দেশ্য সমূহ নিম্নরূপঃ

ক) নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন সুবিধাদির মাধ্যমে প্রকল্প এলাকায় বসবাসরত জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়ন;

খ) নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে প্রকল্প এলাকায় ডায়রিয়া ও অন্যান্য পানি বাহিত রোগের প্রাদুর্ভাব হ্রাসকরণ;

গ) পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা ধারনক্ষম করার লক্ষ্যে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থার উন্নতকরণ।

**৯. <u>প্রকল্পের অনুমোদন অবস্থাঃ</u>** স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগের অধীনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "৪০ পৌরসভা ও গ্রোথ সেন্টারে অবস্থিত পানি সরবরাহ এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটির মূল ডিপিপি গত ২৫ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ১৮৪১৮.৭৪ লক্ষ (জিওবি ১৮৪১৮.৭৪ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ জানুয়ারী, ২০১৪ হতে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে অনুমোদিত হয়।

১০. <u>প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (নভেম্বর,২০১৫ পর্যন্ত):</u>

(লক্ষ টাকায়)

| ক্র নং | অংগের বিবরণ | ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | জুন, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০১৫-১৬ সালের এডিপি | | ২০১৫-১৬ সালের প্রতিবেদন (নভেম্বর মাস) পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | | |
| **ক)** | **রাজস্ব অংগ সমূহঃ** | | | | | | | | |
| ১। | জনবল | ১১জন | ১০৬.০০ | ১১জন | ১৮.৭১ | ১১জন | ২৫.০০ | ৪জন | ৭.৪৭ |
| ২। | পানির গুনগত মান পরীক্ষা ও পরিবীক্ষণ | থোক | ৪০.০০ | - | - | থোক | ২.০০ | - | - |
| ৩। | পরামর্শক | ১টি | ৩৯২.০০ | - | - | - | ১০০.০০ | ৯% | - |
| ৪। | সরবরাহ ও সেবা | থোক | ৩০০.০০ | থোক | ৬৭.০০ | থোক | ৮৩.০০ | থোক | ৩২.৩৫ |
| ৫। | প্রশিক্ষণ (লোকাল) | ১০ টি | ১০.০০ | - | - | -- | - | - | - |
| ৬। | মোরামত ও রক্ষণাবেক্ষণ | থোক | ২০.০০ | - | - | থোক | ১০.০০ | - | - |
| ৭। | পাইপ লাইন রেনোভেশন/পূণঃস্থাপন | থোক | ৫০০.০০ | থোক | ৮৪.২৯ | ২০ কিঃমিঃ | ২০০.০০ | ৯ কিঃমিঃ | ৯৫.০০ |
| ৮। | পাম্প হাউজ পাবলিক টয়েলেট, ইলেকট্রিক কানেকশন ইত্যাদি কাজের রনোভেশন ওয়ার্কস | থোক | ১০০.০০ | - | - | থোক | ৫০.০০ | - | - |
| ৯। | উৎপাদক নলকূপ পূনরুজ্জিবীতকরণ | ২৯টি | ৬০.০০ | ১৫টি | ৩০.০০ | ১৪টি | ৩০.০০ | - | - |
| | রাজস্ব মোট | | ১৫২৮.০০ | | ২০০.০০ | | ৫০০.০০ | | ১৩৪.৮২ |
| **খ)** | **মূলধন অংগ সমূহঃ** | | | | | | | | |
| ১০। | ভূমি উন্নয়ন | ১০০০০০ ঘঃমিঃ | ৩০০.০০ | - | - | ৮৯১৫ঘঃ মিঃ | ২৬.৭৫ | - | - |
| ১১। | পরীক্ষামূলক নলকূপ | ১০০টি | ১০০.০০ | ১০ টি | ১০.০০ | ৩০টি | ৩০.০০ | ১২টি | ৬.০০ |
| ১২। | উৎপাদক নলকূপ | ৫০টি | ১৪০০.০০ | ৫ টি | ১১৩০.০০ | ১৫টি | ৪২০.০০ | ৭টি | ১০৪.৬০ |
| ১৩। | পাম্প হাউজ নির্মাণ(সীমানা প্রাচির সহ) | ৫০টি | ৩০০.০০ | - | - | ২০টি | ১২০.০০ | - | - |
| ১৪। | পাম্প সরবরাহ(কলাম পাইপ, ইলেট্রিক প্যানেল বোর্ড স্থাপন সহ) | ৫০টি | ৩৫০.০০ | - | - | ২০টি | ১৪০.০০ | - | - |
| ১৫। | ট্রান্সফরমার (ইলেট্রিক লাইন সংযোগ/পূনঃসংযোগ) | ৬৩টি | ৩১৫.০০ | থোক | ২.০০ | ২০টি | ১০০.০০ | - | - |
| ১৬। | পাইপ লাইন স্থানপ (বিভিন্ন ব্যাসের) | ৪৪০ কিঃমিঃ | ৫২৮.০০ | ১৫ কিঃমিঃ | ১৭৬.২৫ | ৩০ কিঃমিঃ | ৩৬০.০০ | ৩১ কিঃমিঃ | ৩৫০.৮১ |
| ১৭। | বিদ্যমান উৎপাদক নলকূপ ও পাইপ লাইনের মধ্যে ইন্টারকানেকশন | ১২টি | ৩৬.০০ | থোক | ৫.০০ | ২টি | ৬.০০ | - | - |
| ১৮। | পাবলিক টয়লেট নির্মাণ | ৬০টি | ৪৮০.০০ | - | - | ৬টি | ৪৮.০০ | - | - |
| ১৯। | হাউজ কানেকশন | ১২০৮০টি | ৭২৪.৮০ | - | - | - | - | - | - |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০। | ওয়াটার পয়েন্টস | ১৫০০ টি | ১১২০.০০ | - | - | - | - | - | - |
| ২১। | গ্রাউন্ড ওয়াটারট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ | ১২টি | ৩৯০০.০০ | - | - | - | - | - | - |
| ২২। | ওভারহেড ট্যাংক নির্মাণ | ১২টি | ১৮০০.০০ | - | - | - | - | - | - |
| ২৩। | অটো ভোল্টেজ রেগুলেটর সরবরহা ও সংস্থাপন | ৮০টি | ২৪০.০০ | - | - | - | - | - | - |
| ২৪। | সোলার পাওয়ার প্যানেল সরবরাহ ও সংস্থাপন | থোক | ২০.০০ | - | - | - | - | - | - |
| ২৫। | জপি সরবরাহ | ১টি | ৭৫.০০ | - | - | ১টি | ৭৫.০০ | - | - |
| ২৬। | মোটর সাইকেল সরবরাহ | ৫টি | ৭.৫০ | - | - | ৫টি | ৭.৫০ | ৫টি | ৬.৫৮ |
| ২৭। | যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ | ৪০ সেট | ৬০.০০ | - | - | - | - | - | - |
| ২৮। | বিলিং পদ্ধতির আধুনিকিকরণ | থোক | ১০.০০ | - | থোক | - | - | - | - |
| ২৯। | কম্পিউটার, প্রিন্টার এবং অন্যান্য যন্ত্রপাতিসহ | ৪৫টি | ৩৩.৭৫ | ১১টি | ৮.০০ | ৩৪টি | ২৫.৫০ | - | - |
| ৩০। | ফটোকপিয়ার মেশিন | ১টি | ২.৫০ | ১টি | ২.০০ | - | - | - | - |
| | মূলধন মোটঃ | | ১৬৫৫৯.৫৫ | | ৮০০.০০ | | ২০০.০০ | | ৭৩৮.৬০ |
| **(গ)** | **ভৌত আনুসাংগিক** | - | ১৬৫.৬০ | - | - | - | - | - | - |
| **(ঘ)** | **মূল্য আনুসাংগিক** | - | ১৬৫.৬০ | - | - | - | - | - | - |
| | **সর্ব মোটঃ** | | **১৮৪১৮.৭৪** | | **১০০০.০০** | | **২৫০০.০০** | | **৮৭৩.৬২** |

**১১. প্রকল্পের সার্বিক অগ্রগতি (অক্টোবর, ২০১৬ পর্যন্ত) ঃ** প্রকল্পটির অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে ২৫০০.০০ লক্ষ টাকা; যার মধ্যে জিওবি ২৫০০.০০ লক্ষ টাকা। নভেম্বর, ২০১৫ পর্যন্ত প্রকল্পটির বিপরীতে অর্থ অবমুক্ত করা হয়েছে ১২৫০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৮৭৩.৬২ লক্ষ টাকা। নভেম্বর, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় মোট ১৮৭৩.৬২ লক্ষ টাকা। বিষয়টি নিম্নের টেবিলে উপস্থাপন করা হলঃ

| বিবরণ | মোট | টাকা | প্রকল্প সাহায্য | | শুল্ক ও ভ্যাট | ঋণ পরিশোধ |
|---|---|---|---|---|---|---|
| | | | মোট | টাকাংশ | | |
| ক) চলতি অর্থ বৎসরের এডিপি (২০১৫-১৬) | ২৫০০.০০ | ২৫০০.০০ | | | | |
| খ) চলতি অর্থ বৎসরের নভেম্বর/২০১৫ পর্যন্ত অবমুক্তি | ১২৫০.০০ | ১২৫০.০০ | | | | |
| গ) চলতি অর্থ বৎসরের নভেম্বর/২০১৫ পর্যন্ত ব্যয় | ৮৭৩.৬২ | ৮৭৩.৬২ | | | | |
| ঘ) প্রতিবেদনকাল পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | ১৮৭৩.৬২ | ১৮৭৩.৬২ | | | | |

**১২. প্রকল্প পর্যবেক্ষণ ও পরিদর্শন ঃ** আলোচ্য প্রকল্পের আওতায় চলমান কার্যক্রমের অংশ হিসেবে এ বিভাগের সহকারি পরিচালক (স্থানীয় সরকার সাব-সেক্টর), জনাব মোহাম্মদ তারেক হাওলাদার কর্তৃক বরিশাল বিভাগের বরিশাল জেলাধীন মেহেন্দিগঞ্জ উপজেলায় পরীক্ষামূলক গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কাজের সময় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেন্দিগঞ্জ উপজেলার উপ-সহকারি প্রকৌশলী ও মেকানিকস উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণসমূহ নিম্নরূপঃ

**১২.১** পরীক্ষামূলক গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম পরিদর্শনে গিয়ে দেখা গেল যে, ২য় পরীক্ষামূলক গভীর নলকূপটি স্থাপনের কাজ বন্ধ আছে। কারন হিসেবে জানা গেল যে, অত্র এলাকায় ঘনঘন লোডশেডিং হবার কারণে পূর্বের জেনারেটরটি নষ্ট হয়ে গেছে এবং নতুন জেনারেটরটি ঢাকা হতে বরিশালে আনবার ব্যবস্থা চলমান আছে। পরিদর্শনকালে অসম্পন্ন কাজ সময় মতো সম্পাদনের লক্ষ্যে সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করা হয়।

**১২.২** এ সময় ২ টি পরীক্ষামূলক গভীর নলকূপই উপজেলা পশু স্বাস্থ্য কেন্দ্রের সামনে অবস্থিত খালের পাড়ে স্থাপন করতে দেখা গেছে এবং একটি থেকে আরেকটির দূরত্ব খুবই। এ দু'টি **পরীক্ষামূলক গভীর নলকূপ** হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে উৎপাদক নলকূপ Sink করা হবে। কাজেই এ দু'টি **পরীক্ষামূলক গভীর নলকূপ** নির্দিষ্ট দূরত্বে খনন করে তা হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে উৎপাদক নলকূপ স্থাপন করা যৌক্তিক হবে মর্মে প্রতীয়মান হয়। নকশায় কত দূরত্বে এ দু'টি **পরীক্ষামূলক গভীর নলকূপ** খনন করার বিষয়ে উল্লেখ ছিল এ বিষয়ে উপস্থিত কর্মকর্তা হতে গ্রহণযোগ্য তেমন ব্যাখ্যা পাওয়া যায় নি।

**<u>১২.৩</u>** এছাড়া এ কাজের উদ্দেশ্য হিসেবে সংগ্রহকৃত মাটির নমুনা ছোট পলিথিনের মধ্যে মুখ বন্ধ না অবস্থায় পড়ে থাকতে দেখা গেছে। এ বিষয়ে উপ-সহকারী প্রকৌশলী থেকে জানা গেল যে, সংগ্রহকৃত এ মাটি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা এর গ্রাউন্ড ওয়াটার সার্কেল-এ পাঠানো হবে। এ সময় সংগ্রহকৃত মাটির নমুনা নিয়ম অনুযায়ী সংগ্রহ ও সংরক্ষনের জন্য পরামর্শ দেয়া হয়।

**<u>১২.৪</u>** এছাড়া পরিদর্শনকালে সাইটে কোন সাইট অর্ডার বুক দেখা যায় নি। সাইট অর্ডার বুক না থাকাতে উল্লেখ্য সাইটটির কাজ চলাকালীন কোন উর্ধ্বতন কর্মকর্তার পরিদর্শনের তারিখ ও পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ সম্পর্কে কিছুই জানা যায় নি।

১৩. **<u>মতামত/সুপারিশঃ</u>** বর্ণিত প্রকল্পটি পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদির আলোকে আইএমইডি'র মতামত/সুপারিশ নিম্নরূপঃ

১৩.১ অসম্পন্ন কাজ দ্রুত সম্পাদনের প্রয়োজনীয় সকল ব্যবস্থা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গ্রহণ করবেন **(অনুচ্ছেদ নং-১২.১);**

১৩.২ **পরীক্ষামূলক গভীর নলকূপ** স্থাপনের স্থান নির্বাচনের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা হতে মাঠ পর্যায়ে কোনরূপ নির্দেশনা দেয়া ছিল কিনা- তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ খতিয়ে দেখবে **(অনুচ্ছেদ নং-১২.২);**

১৩.৩ নমুনা হিসাবে সংগ্রহকৃত মাটি নিয়ম অনুযায়ী সংরক্ষণপূর্বক তা দ্রুত গ্রাউন্ড ওয়াটার সার্কেলে পাঠাতে হবে; এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন **(অনুচ্ছেদ নং-১২.৩);**

১৩.৪ সাইট অফিসে নির্ধারিত ফরমেটে সাইট অর্ডার বুক থাকতে হবে, যাতে কাজ সম্পর্কে পরিদর্শনকারী কর্মকর্তার পর্যবেক্ষণ এবং পর্যবেক্ষণের আলোকে গৃহীত ব্যবস্থা সাইট অর্ডার বুকে লিপিবদ্ধ থাকবে **(অনুচ্ছেদ নং-১২.৪);**

১৩.৫ অনুচ্ছেদ **১৩.১ হতে ১৩.৪**-এ উল্লিখিত মতামত/সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ১(এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

২৮.০১.২০১৫

**(মোহাম্মদ তারেক হাওলাদার)**
সহকারী পরিচালক